সংবাদ

তারিখ ২৫/৬/৮১ ...
পৃষ্ঠা... ... ...কলাম... ... ...





# ডঃ মতিন চৌধুরী মারা গেছেন

(নিজস্ব বার্তা পরিবেশক)

বঙ্গবন্ধু পরিষদের জাতীয় কমিটির চেয়ারম্যান ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য, বোস প্রফেসর ডক্টর আবদুল মতিন চৌধুরী গতকাল বুধবার রাত ন'টা দশ মিনিটে বিশ্ববিদ্যালয় এলাকায় তাঁর বাসভবনে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে - - - রাজেউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬০ বছর।

মরহুম ডক্টর মতিন চৌধুরীকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৃত্যুর পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদ থেকে অপসারণ করা হয়। এর পরে বর্তমান সরকারের আমলে তাঁকে ১৭ মাস কারাবরণ করতে হয়। ডক্টর চৌধুরী তদানীন্তন পাকিস্তানে আণবিক শক্তি কমিশনের সদস্য ও অস্থায়ী চেয়ারম্যান ছিলেন।

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

বাংলাদেশ স্বাধীন হওয়ার পর তিনি নোবেল শান্তি পুরস্কার নির্বাচনী কমিটির এশীয় বিভাগের সদস্য নির্বাচিত হন। মৃত্যুকালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের প্রধান হিসেবে কর্মরত ছিলেন।

ডক্টর চৌধুরী ১৯২১ সালের ১লা মে নোয়াখালীর লক্ষ্মীপুর থানার নন্দনপুর গ্রামে জন্মগ্রহণ করেন। আকস্মিক মৃত্যুর খবর পাওয়ার সাথে সাথে আওয়ামী লীগের সভানেত্রী শেখ হাসিনা ওয়াজেদসহ আওয়ামী লীগ নেতৃবৃন্দ মরহুমের বিশ্ববিদ্যালয় এলাকার বাসভবনে গমন করেন। বঙ্গবন্ধু পরিষদের জাতীয় কমিটির সদস্য এবং বহু শিক্ষাবিদও তার বাসভবনে উপস্থিত হন।